

স্মারক নং-এবাএথা/উন্নয়ন/ঋণ নীতিমালা প্রঃ/১৩০/২০১৭-২৮৪৭

তারিখ: ১১/১২/২০১৭ খ্রি.।

বিষয় : ‘একটি বাড়ি একটি খামার প্রকল্প’ এর ‘ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন ঋণ বিতরণ’ প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক অনুমোদিত ‘ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন ঋণ নীতিমালা’র মাধ্যমে একটি বাড়ি একটি খামার প্রকল্পের সক্ষম (Graduated) সদস্যদের মাঝে ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ বিতরণ এবং বিতরণকৃত ঋণ ৫% সেবামূল্যে আদায়ের বিধান করা হয়েছে। ‘ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন ঋণ নীতিমালা’টি প্রকল্পের ওয়েবসাইটে আপলোড/প্রকাশ করা হয়েছে।

০২। এছাড়া প্রকল্পের উপযুক্ত প্রত্যেক সদস্যকে পর্যায়ক্রমে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন ঋণ প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এ প্রেক্ষিতে প্রকল্পের সক্ষম (Graduated) সদস্য ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ গ্রহণের জন্য নির্ধারিত ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ আবেদন ফরমের মাধ্যমে সংশ্লিষ্ট উপজেলার ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ বিতরণ সংক্রান্ত কমিটির নিকট আবেদন করবে।

০৩। প্রতিটি উপজেলার সংশ্লিষ্ট ‘ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন ঋণ বিতরণ কমিটি’ কর্তৃক প্রকল্পের সক্ষম (Graduated) উপকারভোগীদের জমাকৃত আবেদন ফরমসমূহ ‘ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ নীতিমালা’র ০৬ নং অনুচ্ছেদের শর্তানুযায়ী জমাকৃত আবেদনসমূহ যাচাইপূর্বক উপযুক্ত সদস্যকে নির্বাচন করতে হবে। উপযুক্ত সদস্য নির্বাচন করার ক্ষেত্রে ‘ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন’ প্রশিক্ষণ গ্রহণকারী সদস্য ও নারী সদস্যদের অগ্রাধিকার প্রদান করতে হবে। কমিটি কর্তৃক নির্বাচিত সদস্যদের নিজ নামে পল্লী সঞ্চয় ব্যাংকের সংশ্লিষ্ট শাখায় একটি হিসাব নম্বর খুলতে হবে। ঋণের জন্য নির্বাচিত সদস্যের সকল রেকর্ড উপজেলা কার্যালয়ে সংরক্ষণ করতে হবে।

০৪। এমতাবস্থায়, ‘ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন ঋণ বিতরণ কমিটি’ কর্তৃক বাছাইকৃত তাঁর উপজেলার ১৫ (পনের) জন উপকারভোগীর নাম ও ঠিকানা, আইডি নং, সমিতির নাম এবং পল্লী সঞ্চয় ব্যাংকের হিসাব নং সম্বলিত তালিকার হার্ডকপি ও (সফটকপি-headoffice@ebek-rdcd.gov.bd) সংযুক্ত ছকে আগামী ২০.১২.২০১৭ তারিখের মধ্যে প্রকল্প সদর কার্যালয়ে প্রেরণের জন্য তাঁকে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ নির্ধারিত ‘ছক’।

  
(আব্বার হোসেন)  
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)

ফোন: ৯৩৬২৭১২; ফ্যাক্স: ৯৩৪৮২০৬  
headoffice@ebek-rdcd.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার  
.....উপজেলা।

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা প্রশাসক.....।
- ৩। উপ পরিচালক, বিআরডিবি.....।
- ৪। প্রোগ্রামার, একটি বাড়ি একটি খামার প্রকল্প (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা.....।
- ৬। উপজেলা সমন্বয়কারী.....।
- ৭। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা.....।
- ৮। অফিস কপি/ সংশ্লিষ্ট নথি।